

বর্ধিত ফি আদায় ঢাবির দুই অনুধর্মে কাল ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় সার্ভী পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন ও ফিল্ম স্টাডিজ বিভাগে ভর্তিতে বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে এবং বিশ্ববিদ্যালয়ের সাংগঠনিক করণ কছের দাবিতে আপনাকাল কলা ও সামাজিক বিজ্ঞান অনুধর্মে ছাত্র ধর্মঘট ভেঙেছে প্রগতিশীল ছাত্রজোট। তবে বিভাগ কর্তৃপক্ষ বলছে, বিভাগের শিক্ষার্থীদের কোন অংশগ্রহণ না থাকলেও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে 'অস্থিতিশীল' করার জন্য টাকা হয়েছে এ ধর্মঘট। গতকাল বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে প্রগতিশীল ছাত্রজোটের এক সংবাদ সম্মেলনে এ ধর্মঘটের বিস্তারিত জানানো হয়।

সংবাদ সম্মেলনের আগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ছাত্র : পৃষ্ঠা : ২ ত : ৭

ছাত্র : ধর্মঘট

(১৬ পৃষ্ঠার পর)

কলা ভবন অভ্যন্তরে হরতাল সমর্থনে মিছিল করে প্রগতিশীল ছাত্রজোট। আল সজ্জায় হরতাল সমর্থনে কয়েকটি মিছিল বের করা হবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট (মুবিনুল হায়দার) ঢাবি শাখার সভাপতি রাশেদ শাহরিয়ার বলেন, টেলিভিশন ও ফিল্ম স্টাডিজ বিভাগের বর্ধিত ফি বাতিল করতে আমরা বিভাগের চেয়ারম্যানের সঙ্গে দেখা করে ঢাবির বিষয়ে কথা হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে এ দাবিতে স্মারকলিপিও দেয়া হয়েছে। কিন্তু তাদের কাছ থেকে কোন সাড়া না পেয়ে এখন কঠোর পদক্ষেপ নিতে বাধ্য হয়েছে ছাত্র সংগঠনগুলো।

সংবাদ সম্মেলনে বাম ছাত্র সংগঠনের নেতারা জানান, সামাজিক বিজ্ঞান অনুধর্মে অধীন টেলিভিশন ও ফিল্ম স্টাডিজ বিভাগে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রায় ২১ হাজার টাকা দিতে হচ্ছে। অন্যদের চার বছরে প্রতিজন শিক্ষার্থীকে অন্য বিভাগের তুলনায় প্রায় ৩৭ হাজার টাকা বেশি দিতে হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঢাবি গাথা ছাত্র ইউনিয়ন সভাপতি মারুফ বিল্লাহ তন্ময়, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট (খালেদুজ্জামান) সভাপতি প্রীতিসতা, ছাত্র ফ্রন্ট (মুবিনুল হায়দার) সাধারণ সম্পাদক রুহুল আমিন, ছাত্র ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক সাদিক রেবা প্রমুখ।